

পরলোকে প্রকৌশলী মোহাম্মদ আবু সাদেক

আজ, তেরো ই মার্চ, মঙ্গলবার দুপুর এগারোটা চালিশ মিনিটে
সিডনীর চেরীক্রুক নিবাসী প্রকৌশলী জনাব মোহাম্মদ আবু
সাদেক অবার্নের সেন্ট জোসেফ হাসপাতালে ইন্ডেকাল করেছেন
(ইন্ডা লিল্যাহে ওয়া ইন্ডা ইলাইহে রাজেউন)। মৃত্যুকালে তার
বয়স হয়েছিল একষষ্ঠি বৎসর। ২০১০ সালের শুরুতে জনাব
আবু সাদেকের পাকঙ্গলীতে ক্যান্সার ধরা পড়ে। অস্ত্রোপচারের
মাধ্যমে আক্রান্ত পাকঙ্গলীর বেশ কিছুটা অংশ কেটে বাদ দেয়ার
পর তাকে দীর্ঘদিন ধরে কেমোথেরাপি দেয়া হয়। কিন্তু
চিকিৎসকদের সব প্রচেষ্টা ব্যর্থ করে অসুস্থ হওয়ার প্রায় দু'বৎসর
পর আজ তিনি পরলোক গমন করেন।

ব্যক্তিগত জীবনে অত্যন্ত বন্ধুবৎসল, পরোপকারী এবং সজ্জন
বলে পরিচিত জনাব সাদেক স্ত্রী, দুই পুত্র, এক কন্যা, এক
পুত্রবধু এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। আগামীকাল
বুধবার, ১৪ ই মার্চ বাদ জোহর লাকেম্বা মসজিদে মরহুমের
নামাজে জানাজা অনুষ্ঠিত হবে। জানাজার পর তাকে
রিভারস্টোন কবরস্থানে দাফন করা হবে বলে পারিবারিক সুত্রে
জানা গেছে।

ডঃ মোহাম্মদ আবদুর রায়ফাক